


বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত-বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন
সংক্রান্ত সচিত্র প্রতিবেদন



১৫ই আগস্ট ২০২১ রবিবার, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর সভাকক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত-বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে এক দোয়া অনুষ্ঠান ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বিএনসিইউ এর সম্মানিত ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান। বিএনসিইউ'র সকল কর্মকর্তা এবং কর্মচারী উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বেলা ১২:০০ টায় শুরু হওয়া অনুষ্ঠানটি শেষ হয় দুপুর ২:০০ টায়। এর আগে বিএনসিইউ'র ডেপুটি সেক্রেটারি জেনারেল মহোদয়ের সাথে কর্মকর্তা/কর্মচারীবৃন্দ মাননীয় শিক্ষামন্ত্রীর নেতৃত্বে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে পুষ্পার্ঘ অর্পণ করেন।



আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে পুষ্পার্ঘ অর্পণ

বিএনসিইউ আয়োজিত অনুষ্ঠানের শুরুতেই ১৫ই আগস্ট ১৯৭৫ সালে শাহাদাত বরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল সদস্যের রুহের মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করা হয়।



১৫ই আগস্ট ১৯৭৫ সালে শাহাদাত বরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল সদস্যের রুহের মাগফেরাত কামনা করে দোয়া

বঙ্গবন্ধুর স্মরণে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন কর্তৃক প্রস্তুতকৃত একটি ভিডিও ডকুমেন্টারি প্রচারিত হয়। উক্ত ডকুমেন্টারিতে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে এবং স্বাধীনতা-উত্তর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবিস্মরণীয় ভূমিকা তুলে ধরা হয়।



বঙ্গবন্ধুর স্মরণে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন কর্তৃক প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি
<https://www.youtube.com/watch?v=CqGIh54OJwo&t=2s>

অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তাবৃন্দ বঙ্গবন্ধুর জীবনের নানা উল্লেখযোগ্য দিক তাঁদের বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন। বক্তাদের আলোচনায় উঠে আসে বঙ্গবন্ধুর জীবনদর্শন, দেশীয় ও পররাষ্ট্রনীতি, আরব বিশ্বের সাথে সম্পর্ক উন্নয়নে তাঁর ঐকান্তিক প্রচেষ্টা, বঙ্গবন্ধুর ব্যক্তিজীবন এবং তাঁর প্রকৃতিপ্রেম। এ ছাড়াও ‘অসমাপ্ত আত্মজীবনী’ এবং ‘আমার

দেখা নয়াদীন' থেকে চুম্বক অংশ পাঠ করা হয়। বঙ্গবন্ধুর খুনিদের বিচারের আওতায় নিয়ে আসায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।



বিএনসিইউ কর্মকর্তাবৃন্দের উপস্থাপনা

অনুষ্ঠানের সভাপতি, বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল, জনাব মোঃ সোহেল ইমাম খান তাঁর বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক একটি বিশ্লেষণধর্মী আলোচনা উপস্থাপন করেন। তিনি মন্তব্য করেন, “বঙ্গবন্ধুর এই ভাষণটি আমাদের ব্যক্তি ও কর্মজীবনে এক অবশ্যপাঠ্য। এর প্রতিটি বাক্যই বাঙালির জীবনে এক ধুব দিক নির্দেশনা”।



অনুষ্ঠানের সভাপতি, বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল, জনাব মোঃ সোহেল ইমাম খান

তিনি সকলকে বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হবার আহ্বান জানান এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত-বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন সংক্রান্ত বিভিন্ন চিত্রঃ



Asma isabtefat

এস এম ফয়সাল আরাফাত
প্রোগ্রাম অফিসার (আইসিটি ও এএসপিনেট)
বাংলাদেশ ইউনেকো জাতীয় কমিশন